

যৌন হয়রানি করলে কঠোর ব্যবস্থা, শিক্ষকদের উদ্দেশে শিক্ষা উপমন্ত্রী



খুলনা প্রতিনিধি | ০৬ জুলাই, ২০১৯

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন, কোনো শিক্ষক যৌন হয়রানি করলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি শনিবার বিকেলে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে খুলনা জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এবং শিক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। খুলনা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।



শিক্ষা উপমন্ত্রী আরও বলেন, সরকার কারিগরি শিক্ষাকে চেলে সাজিয়েছে। এ জন্য দেশের বিভিন্ন এলাকায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৬২৬টি কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলা হবে। সরকার মাদক ও দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা করেছে। কোনো শিক্ষক শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি করলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এ সময় শিক্ষার গুণগত মানোন্নয়নে শিক্ষক, পরিচালনা পর্ষদ ও শিক্ষার সঙ্গে জড়িত সংশ্লিষ্টদের এগিয়ে আসার আহ্বান জানান শিক্ষা উপমন্ত্রী। সভায় বিশেষ অতিথি ছিলেন খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া। সভাপতিত্ব করেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক ইশরাত জাহান।

এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জিয়াউর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) গোলাম মাজনউদ্দীন হাসান এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর খুলনার পরিচালক অধ্যাপক শেখ হারুনার রশীদ উপস্থিত ছিলেন। সভায় খুলনার বিভিন্ন স্কুল-কলেজ-মাদরাসার প্রধান, পরিচালনা পর্ষদের সভাপতি ও সদস্যরাও অংশ নেন।

ইন্দু বন্দ্যোপাধ্যায়, মতবিনিময়-কঠোরভাবে
এ-সময় মতবিনিময় সভায়
বিশেষ অতিথি ছিলেন
খুলনা জেলা প্রশাসক
০৬/০৭/১৯